

বাংলাদেশ  গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, ফেব্রুয়ারী ১৫, ১৯৯২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যোগাযোগ মন্ত্রণালয়

রেলপথ বিভাগ

সংস্থাপন-২

রিজলিউশন

তারিখ, ২৯শে মার্চ, ১৩৯৮/১২ই ফেব্রুয়ারী, ১৯৯২

এস, আর, ও নং ৩৩-আইন/৯২—অত্র মন্ত্রণালয়ের ১১ই বৈশাখ, ১৩৯৬ মোতাবেক ২৪শে এপ্রিল, ১৯৮৯ তারিখের জারীকৃত বাংলাদেশ রেলওয়ে (কর্মচারী) কল্যাণ ট্রাস্ট সম্পর্কিত রিজলিউশন নং ই-২/কল্যাণ ট্রাস্ট-১/৮৮-১৫১ তে সরকার নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত রিজলিউশনের অনূচ্ছেদ ৩ এর পরিবর্তে নিম্নরূপ অনূচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“৩। ট্রাস্টের গঠন-(১) ট্রাস্টের উদ্দেশ্য সাধন ও উহার কার্যাবলী সম্পাদনকল্পে নিম্নবর্ণিত ২০জন সদস্য সমন্বয়ে ট্রাস্টের ব্যবস্থাপনা পরিষদ (অন্তঃপরিষদ বলিয়া উল্লেখিত) গঠিত হইবে, যথা:—

(ক) মহা-পরিচালক, বাংলাদেশ রেলওয়ে
অথবা

বাংলাদেশ রেলওয়ের মুখ্য নির্বাহী কর্মকর্তা,

যে নামেই অভিহিত হইউন না কেন, পদাধিকারবলে .. চেয়ারম্যান

(খ) অতিরিক্ত মহা-পরিচালক (ও/এণ্ড পিএ) বাংলাদেশ

রেলওয়ে, পদাধিকা বলে ..

.. সদস্য,

(১১৬৯)

মূল্য : টাকা ১.০০

- (গ) অতিরিক্ত মহা-পরিচালক (প্রকৌশল), বাংলাদেশ রেলওয়ে, পদাধিকারবলে সদস্য,
- (ঘ) অতিরিক্ত মহা-পরিচালক (অর্থ) বাংলাদেশ রেলওয়ে পদাধিকারবলে সদস্য,
- (ঙ) মহা-ব্যবস্থাপক (পূর্বাঞ্চল) ও (পশ্চিমাঞ্চল) বাংলাদেশ রেলওয়ে, পদাধিকারবলে সদস্য,
- (চ) মহা-পরিচালক কর্তৃক মনোনীত ৩ জন ব্যক্তি সদস্য,
- (ছ) রেলওয়ে পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলের ৮টি মৌলিক কমিটির প্রত্যেকটি হইতে একজন করিয়া নির্বাচিত শ্রমিক প্রতিনিধি যাহারা স্ব-স্ব মৌলিক কমিটি কর্তৃক মনোনীত হইবেন, সদস্য,
- (জ) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ রেলওয়ে (কর্মচারী) কল্যাণ ট্রাষ্ট, পদাধিকারবলে সদস্য,
- (ঝ) মহা-ব্যবস্থাপক (প্রকল্প), বাংলাদেশ রেলওয়ে, পদাধিকারবলে সদস্য,
- (ঞ) অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পশ্চিমাঞ্চল), পদাধিকারবলে সদস্য,

২। উপ-অনুচ্ছেদ (১)এ উল্লিখিত ৩ জন অতিরিক্ত মহা-পরিচালকের মধ্যে হইতে একজনকে ভাইস-চেয়ারম্যান হিসাবে মহা-পরিচালক মনোনয়ন দান করিবেন।

(৩) চেয়ারম্যান ও সদস্যগণ ট্রাষ্ট হইতে কোন বেতনাদি পাইবেন না, তবে পরিষদ সভায় উপস্থিত হওয়ার জন্য সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত ফিস সম্মানী বা ভাতা পাইবেন।

(৪) উপ-অনুচ্ছেদ (১)(চ)এ উল্লিখিত মনোনীত সদস্যগণের কার্যকাল হইবে তিন বৎসর, যে কার্যকালের মধ্যে তাঁহারা ইচ্ছা করিলে পদত্যাগ করিতে পারিবেন; তবে চেয়ারম্যান কর্তৃক গৃহীত না হওয়া পর্যন্ত কার্যকর হইবে না।”

রাষ্ট্রপতির আদেশক্রমে

কে, জি, আহমদ

পরিচালক/উপ-সচিব (সংস্থাপন)।

মাঃ সিদ্দিকুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।